(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর

## ডিপিডিসি'র জুলাই, ২০২৩ খ্রি. মাসের APA অগ্রগতি ও মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী (সংশোধিত)

| | |
|---|---|
| সভাপতি | বিকাশ দেওয়ান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২৪/০৭/২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল সভা (Zoom)। |
| উপস্থিতি | ডিপিডিসি’র নির্বাহী প্রকৌশলী / ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদেরকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০২২-২৩ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন সূচক (APA) এর অগ্রগতি ও বিগত জুন, ২০২৩ খ্রি. মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভা পর্যালোচনা করে প্রায় সকল আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

**আলোচ্যসূচি-০১: সিস্টেম লস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| জুন-২৩ মাসের provisional data অনুযায়ী ২০২২-২৩ এর সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরের Overall সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য বছরের প্রথম থেকেই সকল এনওসিএসকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ক) APA ২০২২-২৩ এ সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন।<br>খ) অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের জন্য প্রত্যেক এনওসিএস ডিপিডিসি’র ম্যাজিস্ট্রেট আদালত ও স্পেশাল টাস্কফোর্স এর সহযোগিতায় অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে বিশেষ অভিযান পরিচালনা করবে। সান্ধ্যকালীন ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়ার সময় পুলিশ প্রশাসন এর সহায়তা নিতে হবে।<br>গ) প্রত্যেক এনওসিএস তার আওতাধীন অটো গ্যারেজ এর লোডসহ ০১ টি সমন্বিত তালিকা তৈরি করবে এবং এ সংক্রান্ত একটি রিপোর্ট আগামী আগস্ট, ২৩ খ্রি: মাসের মধ্যে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করবে। এছাড়া বার্ক এর রুল অনুযায়ী নির্ধারিত ট্যারিফে অটো গ্যারেজ এর বিল করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন), প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০২: CB Ratio / একাউন্টস রিসিবএবেল**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| জুন-২৩ মাসের provisional data অনুযায়ী ২০২২-২৩ এর CB Ratio এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | APA ২০২৩-২৪ অর্থ বছরে CB Ratio/ একাউন্টস রিসিভেবল এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন। এনওসিএস জোনের প্রধান প্রকৌশলী ও এনওসিএস সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ বর্ণিত বিষয়টি সার্বিকভাবে তদারকি করবেন। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী ( সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৩:</u> **বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত / কর্পোরেশনসমূহের নিকট বকেয়া**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত/কর্পোরেশনসমূহের নিকট হতে বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের লক্ষ্যে ডিপিডিসি'র অভ্যন্তরীণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা/প্রতিষ্ঠান সমূহ (বিশেষ করে দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, এফডিসি, PWD, সিটি কর্পোরেশন, পুলিশ কোয়ার্টার, পুলিশ হাসপাতাল, সুপ্রিম কোর্ট, ঢাকা ইউনিভার্সিটি, ওয়াসা, বিহারী ক্যাম্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ইত্যাদি) এর সাথে এবং বকেয়া আদায়ে বিদ্যুৎ বিভাগের দায়িত্বরত ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বকেয়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখবেন এবং ২০২৩-২৪ অর্থ বছরের প্রথম থেকেই বর্ণিত খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা/ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে চিঠি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) সিটি কর্পোরেশন, পুলিশ কোয়ার্টার, পুলিশ হাসপাতাল, PWD, মুগদাপাড়া হাসপাতাল, এফডিসি, মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর বকেয়া আদায়ের লক্ষ্যে ডিপিডিসি'র অভ্যন্তরীণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষের appointment গ্রহণ পূর্বক নির্বাহী পরিচালক (অপারেশন) সহ সাক্ষাৎ/মিটিং এর ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজনে বিধি মোতাবেক নোটিশ প্রদান পূর্বক সংযোগ বিচ্ছিন্ন করার উদ্যোগ গ্রহণ করবেন। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, (আইসিটি)/ বর্ণিত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৪:</u> **এস্টিমেটেড বিল ও জিরো ইউনিট বিল, ডিস্পুটেড বিল ও খারাপ মিটার পরিবর্তন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভাকে অবহিত করা হয় যে, পূর্বের মাসের চেয়ে খারাপ মিটারের সংখ্যা কমেছে এবং প্রত্যেক এনওসিএস থেকে খারাপ মিটার পরিবর্তন করা হচ্ছে। সিস্টেম লস কমানোর স্বার্থে ও বিলিং সিস্টেম সহজীকরণের লক্ষ্যে নষ্ট মিটারগুলো অবিলম্বে পরিবর্তনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) প্রত্যেক এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী ফিডার ভিত্তিক নষ্ট মিটারের তালিকা প্রস্তুতপূর্বক পর্যায়ক্রমে মিটার সমূহ পরিবর্তন করবেন। প্রধান প্রকৌশলী, এনওসিএস জোন ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস সার্কেল বিষয়টি মনিটর করবেন।<br>খ) প্রত্যেক জোন ওয়ারী এনওসিএস এর আওতাধীন নিখোঁজ গ্রাহকের স্ট্যাটাস কী, কতগুলো গ্রাহক খুঁজে পাওয়া গেছে, কতগুলো গ্রাহকের টাকা আদায় হয়েছে, কতটুকু write-off এ যাবে প্রভৃতি বিষয়ের কার্যক্রম জিএম, অডিট আগামী ০২ মাসের মধ্যে চূড়ান্ত করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন। এছাড়া কেস টু কেস স্টাডি করে গ্রাহকের জিরো ইউনিট consumption সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখবে। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-০৫:</u> নতুন বিদ্যুৎ সংযোগ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| আবাসিক গ্রাহকদের ও এইচটি গ্রাহকদের নির্দিষ্ট সময়ে ডিমান্ড নোট ইস্যুর শতকরা হার এবং বিদ্যুৎ সংযোগ প্রদানের শতকরা হার সন্তোষজনক রয়েছে বলে সভায় অবহিত করা হয়। | ক) আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে ।ডিমান্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস চার্জ জমা দেয়া সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>খ) ১১ কেভি ও তদূর্ধ্ব ভোল্টেজের গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। ডিমান্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ, মিটার টেস্ট সম্পন্ন করার সাপেক্ষে পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>গ) অনলাইনে নিউ কানেকশন এর পাশাপাশি গ্রাহকের নাম পরিবর্তন, মিটার পরিবর্তন, ট্যারিফ পরিবর্তন ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সংক্রান্ত কাজের জন্য আইসিটি দপ্তর থেকে ইতোমধ্যে সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে। যার ফলে বিষয়ে বর্ণিত কাজগুলো ম্যানুয়াল এর পরিবর্তে অনলাইনে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-০৬:</u> কাস্টমার মাস্টার ডাটা (মোবাইল নম্বর, ন্যাশনাল আইডি নম্বর, ই-মেইল এড্রেস ও টিআইএন নম্বর) হালনাগাদ সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| গ্রাহকের এনআইডি নম্বর, মোবাইল নম্বর, টিন নম্বর ও ই-মেইল আইডি দ্রুত সংগ্রহ ও আপডেট করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) কাস্টমারের মোবাইল নম্বর আপডেটের জন্য গ্রাহকের মোবাইল নম্বর এর পাশাপাশি ভাড়াটিয়াদেরও মোবাইল নম্বর আপডেটের উদ্যোগ নিতে হবে। এ লক্ষ্যে যেসব গ্রাহকের মোবাইল নম্বর ডিপিডিসি'র সিস্টেমে সংরক্ষিত আছে তাদেরকে ভাড়াটিয়াদের মোবাইল নম্বর এর আপডেট তথ্য প্রদানের জন্য আইসিটি দপ্তর থেকে ০১ টি এসএমএস দিতে হবে।<br>খ) ন্যাশনাল আইডি ও মোবাইল নম্বর ছাড়া কোন অবস্থাতেই গ্রাহককে নতুন সংযোগ প্রদান করা যাবেনা। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ জিএম, (আইসিটি)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ ডিজিএম, আইসিটি (রেভেনিউ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৭:</u> **প্রি-পেইড মিটার সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২০২২-২৩ অর্থ বছরের এপিএর কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুসারে প্রি-পেইড মিটার স্থাপনের overall target achieve হওয়ায় ম্যানেজমেন্ট এর তরফ থেকে এ বিষয়ে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ক) ২০২২-২৩ অর্থ বছরের প্রি-পেইড গ্রাহকের পূর্বের পোস্ট-পেইড মিটারের বকেয়া ২৭ কোটি টাকার মধ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ১৫ কোটি টাকা আদায় করতে হবে। সে লক্ষ্যে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীদের প্রতি মাসে ০১ টি টার্গেট fix করে দিতে হবে। নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয় প্রতি মাসের ২য় সপ্তাহে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীদের সাথে বর্ণিত বিষয়ের অগ্রগতি নিয়ে মিটিং করবেন।<br><br>খ) সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী প্রি-পেইড মিটারের অনিয়মিত রিচার্জ এর আরও ৫০০ টি কেইস সার্ভে পূর্বক পদক্ষেপ/সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করবে। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক, (অপারেশন) সকল প্রতিবেদন কম্পাইল করবেন এবং পরবর্তী সভায় এর সারমর্ম উপস্থাপন করবেন (গৃহীত পদক্ষেপ সহ)।<br>গ) জুলাই' ২০২৩ হতে ডিপিডিসি'র সকল প্রি-পেইড এনওসিএস সমূহের নতুন সংযোগের ক্ষেত্রে গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে প্রি-পেইড মিটার ক্রয় পূর্বক নতুন সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। এনওসিএস সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ বর্ণিত বিষয়টি সার্বিকভাবে তত্ত্বাবধায়ন করবেন। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ নির্বাহী পরিচালক, (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ নির্বাহী পরিচালক (প্রকৌশল)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ প্রধান প্রকৌশলী (পিএন্ডডি)/ জিএম, আইসিটি/ ডিজিএম, (আইসিটি ডেভেলপমেন্ট)/ প্রকল্প পরিচালক (৮.৫ লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ প্রকল্প পরিচালক-০১/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ নির্বাহী প্রকৌশলী (নির্বাহী পরিচালক, অপারেশন)/ (সকল এনওসিএস ও টাস্কফোর্স টীম এর সদস্য)। |

<u>আলোচ্যসূচি-০৮:</u> **AMR**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং জানান যে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট ২৫০০ সিকিউর (এলটিসিটি ও এইচটি) মিটার ও মডেম ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের প্রস্তাব ডিপিডিসি'র বোর্ড সভায় পাশ হওয়ার পরে ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। | ক) এএমআর মিটারের গ্রাহকেরা যাতে তাদের মিটারে বিদ্যুতের কনসাম্পশন, উপকেন্দ্রের স্ট্যাটাস ও বিলিং প্যাটার্ন সম্পর্কে জানতে পারে সে লক্ষ্যে এএমআর ওয়েবসাইটের ০১ টি লিংক এসএমএস এর মাধ্যমে এএমআর গ্রাহকদের প্রদান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং বর্ণিত বিষয়টি মনিটরিং করবেন।<br>খ) AMR মিটার এর ফেইজ মিসিং (ভোল্টেজ, কারেন্ট) এর বিষয়টি প্রতিদিন সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী/ তার প্রতিনিধি ওয়েবসাইটে AMR সংক্রান্ত সফটওয়্যার থেকে চেক করবে ও দ্রুত বর্ণিত সমস্যাটি সমাধানের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং ও তার আওতাধীন দপ্তর এর সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করবেন। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ জিএম, আইসিটি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয়)/ ডিজিএম, আইসিটি (রেভিনিউ/ স্টোর ম্যানেজমেন্ট সার্কেল/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-০৯:</u> ১১ কেভি ফিডার অটোমেশন ও SAIDI/SAIFI:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় সভাপতি এনএলডিসি'র মত ডিপিডিসি'র স্ক্যাডাতে অটোমেশন ফিডার এর উপর মনিটর দিয়ে ০১ টি ড্যাশবোর্ড করা যায় কিনা জানতে চান। এ প্রসঙ্গে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন জানান যে, এ সংক্রান্ত যে সফটওয়্যার আছে সে সফটওয়্যারে ডাটাগুলো accumulate করে রিয়েল টাইম ডাটা (ভোল্টেজ, কারেন্ট) উপকেন্দ্র থেকে লোকাল সার্ভার এবং লোকাল সার্ভার থেকে ডিপিডিসি'র মেইন সার্ভারে নিয়ে আসতে পারলেই মনিটরের মাধ্যমে স্ক্যাডাতে ০১ টি ড্যাশবোর্ড স্থাপন করা সম্ভব হবে। | ক) আগামী ০২ মাসের মধ্যে ডিপিডিসি'র স্ক্যাডাতে এনএলডিসি'র মত অটোমেটেড ফিডারের রিয়েল টাইম ডাটা (ভোল্টেজ, কারেন্ট) উপকেন্দ্র থেকে ডিপিডিসি'র মেইন সার্ভারে সফটওয়্যারের সাহায্যে ইনপুট দিয়ে মনিটর সম্বলিত ০১টি ড্যাশবোর্ড স্থাপন করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্ক্যাডা ও সিস্টেম প্রটেকশন বর্ণিত বিষয়টি বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন। নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয় উক্ত কার্যক্রমের অগ্রগতির বিষয়টি নিবিড়ভাবে মনিটর করবেন।<br>খ) প্রত্যেকটি এনওসিএস এর আওতাধীন কোন ফিডারে মাস অনুযায়ী SAIDI/SAIFI লক্ষ্যমাত্রার অধিক হয়ে গেলে তা নিয়ন্ত্রণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ পরিকল্পনা গ্রহণ করবেন এবং দ্রুত মালামাল এর requisition দিয়ে স্টোর থেকে DOFC, MCCB ইস্যু করে স্থাপন এর ব্যবস্থা গ্রহণ করবেন। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ জিএম, (আইসিটি)/ প্রধান প্রকৌশলী (সিস্টেম অপারেশন এন্ড স্ক্যাডা)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড নর্থ/ সাউথ সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন)/ সংশ্লিষ্ট আইসিটি কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-১০:</u> ই-নথি ও পেপারলেস অফিস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট নথির ৮৫% ই-নথিতে নিষ্পন্ন করাসহ ম্যানুয়াল নথি ও কাগজের ব্যবহার এর তথ্য সিস্টেমে এন্ট্রি দেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) ম্যানুয়াল নথি ও পেপার consumption এর তথ্য প্রতি মাসের ০৩-০৪ তারিখ এর মধ্যে সকল দপ্তরকে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর মেনু বারের ম্যানুয়াল নথি ও পেপার consumption option এ গিয়ে এন্ট্রি করতে হবে। সকল দপ্তর কর্তৃক ম্যানুয়াল নথি ও কাগজের ব্যবহার হ্রাস সম্পর্কিত তথ্য সিস্টেমে এন্ট্রি দেওয়ার বিষয়ে শিথিলতা পরিলক্ষিত হওয়ায় সকল দপ্তর প্রধানকে এ ব্যাপারে আরও তৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো।<br>খ) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল নথি ই-ফাইলিং এ নিষ্পত্তি করতে হবে। | সকল দপ্তর প্রধান/ আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তা। |

**আলোচ্যসূচি-১১: স্টোর ম্যানেজমেন্ট, অ্যাসেট ম্যানেজমেন্ট সফটওয়্যার**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ম্যানেজার, আইসিটি ডিএম কামরুল জানান যে, গত এক মাসে এনওসিএস মুগদাপাড়া, বনশ্রী, তেজগাঁও, সাতমসজিদে ও প্রজেক্ট অফিসে লোকাল স্টোরের কোন ডাটা এন্ট্রি পাওয়া যায়নি। এছাড়া অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেমে প্রায় ৯৯.৮৫% এন্ট্রি সম্পন্ন হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। কিন্তু মাঠ পর্যায়ের সংরক্ষনজনিত কাজের কোন রেকর্ড অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেমে প্রতিফলন হচ্ছেনা বিধায় সফটওয়্যারে এন্ট্রির ব্যাপারে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) এনওসিএস এর লোকাল স্টোরে মালামাল ইস্যুর সময়ে অথবা উক্ত দিন শেষে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে ডাটা এন্ট্রি দিতে হবে। এনওসিএস বনশ্রী, সাতমসজিদ, মুগদাপাড়া ও তেজগাঁও কে অবিলম্বে তাদের শেষ মাসের লোকাল স্টোরের মালামালের ডাটা স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে।<br>খ) মাঠ পর্যায়ের সংরক্ষনজনিত কাজের রেকর্ড অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেমে প্রতিফলন এর জন্য সকল এনওসিএসকে ট্রান্সফরমার সংরক্ষন ও মেইনটেন্যান্স জনিত কাজের ডাটা অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে।<br>গ) সকল প্রকল্প দপ্তরকে তাদের স্ব স্ব প্রকল্পের ইনভেনটরি আপডেট করে মালামাল ইস্যুর ডাটা প্রজেক্ট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)/ ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট)/ ডিএম, আইসিটি (ডেভেলপমেন্ট)/ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান। |

**আলোচ্যসূচি-১২: APP বাস্তবায়ন অগ্রগতি**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় ডি.এম কামরুল জানান যে, আর্থিক ব্যবস্থাপনা কমিটির তত্ত্বাবধায়নে এ বছর এপিপি utilization target achieve হয়েছে। অপ্রয়োজনীয় এপিপি ড্রপ করা হয়েছে। দপ্তর প্রধানের জন্য টোটাল ১৫৬১ টি এপিপি রয়েছে। এ বছরে ক্রয়-প্রক্রিয়াধীনের মধ্যে রয়েছে ১৩২০ টি। তন্মোধ্যে ৮৫১ টির APP utilization পাওয়া গিয়েছে যার শতকরা হার (৬৪%)। | এপিপি'র কাজের অগ্রগতি প্রকিউরমেন্ট রিভিউ কমিটির সামনে উপস্থাপন করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়ায় সকল দপ্তরকে এপিপি বিষয়ক যে কাজগুলো হয়েছে তার যাবতীয় ডাটা এপিপি সিস্টেম সফটওয়্যারে এন্ট্রির মাধ্যমে অবিলম্বে সিস্টেম আপডেট করতে হবে। এপিপি কার্যক্রম প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কোয়ার্টারে সম্পন্ন করা সম্ভব না হলে চতুর্থ কোয়ার্টারে শিফট করার provision এপিপি সিস্টেম সফটওয়্যারে রাখতে হবে। প্রয়োজনে এপিপি revised করতে হবে। এছাড়া যে সমস্ত দপ্তরের এপিপি utilization করা সম্ভব হবেনা সে সমস্ত দপ্তরকে আগামী ০৭ দিনের মধ্যে এপিপি ড্রপ করার ব্যবস্থা নিতে হবে। | নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ জিএম (আইসিটি)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট)/ সকল দপ্তর প্রধান। |

**<u>আলোচ্যসূচি-১৩:</u> অডিট আপত্তির জবাব প্রদান সংক্রান্ত আলোচনা:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিএম, অডিট জানান যে, রিপোর্টভূক্ত ২২৬ টি অডিট আপত্তির মধ্যে ১০২ টি আপত্তি নিষ্পত্তির পর্যায়ে রয়েছে। অবশিষ্ট ১২৪ টি অডিট আপত্তি রয়েছে। এছাড়া পিডিবি ও ডেসা আমলের ১৩৩ টি অডিট আপত্তি বোর্ডে write-off এর অনুমোদনের জন্য মাঠ পর্যায়ে ০১ টি crash program নিয়ে আপত্তির জবাব সম্পর্কিত রিপোর্ট প্রদান করা গেলে রিপোর্টভূক্ত অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তি করা যাবে। অডিট আপত্তির কিছু জবাব এনওসিএস দপ্তর থেকে পাওয়া যায় যা খুব দ্রুত ত্রি-পক্ষীয় সভায় উত্থাপন করা হবে। | ক) রিপোর্টভূক্ত ২২৬ টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীকে মাঠ পর্যায়ে গ্রাহকের অবশিষ্ট বকেয়া আদায় করে রিপোর্টভূক্ত অডিট আপত্তির প্রমাণকসহ নিষ্পত্তিমূলক জবাব আগামী আগস্ট, ২৩খ্রি: এর মধ্যে জিএম, অডিট দপ্তরে প্রেরণ করতে হবে। পিডিবি ও ডেসা আমলের ১৩৩ টি write-off এর জন্য জিএম, অডিট ০১ টি ক্রাশ প্রোগ্রাম নিবেন এবং আগামী ০৩ মাসের মধ্যে রিপোর্টভূক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখবেন।<br><br>খ) রিপোর্টভূক্ত অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতির বিষয়ে নির্বাহী পরিচালক, ফিন্যান্স মহোদয় জিএম, অডিট ও এ কাজের সাথে সম্পৃক্ত সকলকে নিয়ে আগামী আগস্ট, ২০২৩ খ্রি: মাসে একটি মিটিং করবেন। জিএম, অডিট মিটিং এ গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি রিপোর্ট পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (ফিন্যান্স)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ আইসিটি/ ডিজিএম (গভ: এন্ড রেভেনিউ অডিট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-১৪:</u> নিরাপত্তা সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **চলমান রাজনৈতিক পরিস্থিতিতে সিকিউরিটি গার্ড, আনসার এবং সিকিউরিটি সুপারভাইজর ও নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট সকলকে অধিক সতর্কতার সহিত ডিউটি করা সংক্রান্তঃ**<br>আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চলমান রাজনৈতিক পরিস্থিতিতে বিদ্যুৎ উপকেন্দ্র, কন্ট্রোল রুমসহ অন্যান্য সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ যাতে নিরাপদ থাকে সে লক্ষ্যে নিরাপত্তা রক্ষার সাথে সংশ্লিষ্ট সিকিউরিটি গার্ড, আনসার, সুপারভাইজর ও কর্মকর্তাবৃন্দ এবং স্থাপনার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সবাইকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়। পুলিশ, র‌্যাব সহ আইন শৃঙ্খলারক্ষাকারী প্রতিষ্ঠানসমূহকে বিদ্যুৎ উপকেন্দ্র/স্থাপনাসমূহে নিরাপত্তা জোরদার করার অনুরোধ জানিয়ে যথাসময়ে পত্রালাপ ও যোগাযোগ করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে কেন্দ্রীয় ভাবে নিরাপত্তা সংক্রান্ত বিশেষ বার্তা দিয়ে এর গুরুত্ব সম্পর্কে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিশেষ করে স্থাপনাসমূহে যাতে কোন ধরণের অবৈধ অনুপ্রবেশ না ঘটতে পারে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার ব্যাপারে সবিশেষ গুরুত্বারোপ করা হয়। | (ক) বিভাগীয় ও আউট সোর্সড সিকিউরিটি গার্ড এবং আনসার সদস্যদের অধিক সতর্কতার সাথে ডিউটি করতে হবে এবং সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে পত্র মারফত অবহিত করতে হবে।<br>(খ) কেপিআইভুক্ত উপকেন্দ্র এবং বিদ্যুৎ বিতরণের সাথে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/স্থাপনাসমূহে নিরাপত্তা জোরদার করার জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বরাবর পত্রালাপসহ সরাসরি যোগাযোগ করতে হবে।<br>(গ) নিরাপত্তা নিশ্চিতকল্পে করণীয় সম্পর্কে ডিপিডিসি'র সকল এমপ্লয়িকে বিশেষ বার্তা প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে। | ডিজিএম (এইচ আর), সিকিউরিটি এবং সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ। |
| **ডিপিডিসি'র আওতাধীন কেপিআইভুক্ত স্থাপনাসমূহের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর তত্ত্বাবধানে ফায়ার সেফটি প্ল্যান সম্পন্ন করাঃ**<br>সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে ফায়ার ড্রিল করার পাশাপাশি কেপিআই জরিপ কমিটির সুপারিশ অনুযায়ী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর মাধ্যমে বা ফায়ার সার্ভিস কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের মাধ্যমে ডিপিডিসি'র আওতাধীন কেপিআই স্থাপনাসমূহসহ অন্যান্য গুরুত্বপূর্ণ উপকেন্দ্রসমহের জন্য ফায়ার সেফটি প্ল্যান প্রস্তুত কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে ডিজিএম (এইচ আর), সিকিউরিটি দপ্তর হতে অবহিত করা হয় যে ফায়ার সেফটি প্ল্যান এর বিষয়ে কার্যক্রম হাতে নেয়া হয়েছে এবং বর্তমানে একক দর নির্ধারণী কমিটির নিকট এর দর নির্ধারণ করার কাজ চলমান রয়েছে। যথাযথ প্রক্রিয়া অনুসরন করে কাজটি সম্পন্ন করার ব্যাপারে প্রত্যয় ব্যক্ত করেন। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর মাধ্যমে কিংবা তাদের অনুমোদিত প্রতিষ্ঠানের মাধ্যমে ফায়ার সেফটি প্ল্যান কাজটি সম্পন্ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট এবং ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি। |

| | | |
|---|---|---|
| **নিরাপত্তাকর্মীদেরকে নিয়মিত উৎসাহ ও প্রনোদনামূলক বক্তব্য ও পরামর্শ প্রদান করাঃ**<br>নির্বাহী পরিচালক, এডমিন এন্ড এইচআর, ডিপিডিসি মহোদয় নিরাপত্তা ব্যবস্থা তদারকির সাথে যারা নিয়োজিত আছেন তাঁদেরকে ডিপিডিসি'র বিভাগীয় এবং আউটসোর্সড সিকিউরিটি গার্ড ও আনসার সদস্যদেরকে নিয়মিত উৎসাহ, পরামর্শ ও প্রণোদনামূলক বক্তব্যের মাধ্যমে উজ্জীবিত রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন যে, নিরাপত্তা প্রহরার কাজটি খুবই পরিশ্রমের এবং কাজটিতে তেমন কোন বৈচিত্র না থাকায় অনেক সময় কর্মীদের মাঝে একঘেয়েমি এবং অলসতা চলে আসতে পারে। এ অবস্থা দূরীকরণে তাদেরকে নিয়মিত প্রনোদনামূলক বক্তব্য ও পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট এমপ্লয়িদের ভাল-মন্দ সব সময় লক্ষ্য রাখতে হবে এবং বিভিন্ন পরামর্শ ও প্রণোদনামূলক বক্ত্যবের মাধ্যমে উজ্জীবিত রাখতে হবে। | ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি ও সংশ্লিষ্ট সেবাগ্রহণকারী দপ্তর প্রধান। |

এছাড়া সময় স্বল্পতার কারণে সমন্বয় সভার যে এজেন্ডাগুলো আলোচনা করা সম্ভব হয় নি, পূর্বের সমন্বয় সভায় আলোচিত সে এজেন্ডাগুলোর সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত ও পুনর্বহাল থাকবে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সু-স্বাস্থ্য কামনা করে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.০৬.০০১.২২.৪৮

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০
০৭ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।
২) সকল চিফ ইঞ্জিনিয়ার/সকল জেনারেল ম্যানেজার
৩) সকল সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার/প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি।
৪) সকল নির্বাহী প্রকৌশলী/ম্যানেজার, ডিপিডিসি।
৫) সাব ডিভিশনাল ইঞ্জিনিয়ার, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
৬) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ আর), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

খন্দকার এ.এইচ.এম. জুলফিকার হায়দার

চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং
ইঞ্জিনিয়ার)